অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য বোনাস কর্মসূচি চালু করেছেন

স্টেট বাজেটে স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি খাতে সামনের সারির পদগুলোতে কর্মচারীদের ধরে রাখার জন্য মেডিকেইড কর্মসূচিকে 1.3 বিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে

যোগ্য কর্মচারীদের কাছে তহবিল বিতরণের উদ্দেশ্যে উপযুক্ত নিয়োগকারীদের জন্য অনলাইন পোর্টাল চালু করা হচ্ছে

এই বোনাস কর্মসূচি 2023 অর্থবছরের প্রণীত বাজেটে আগামী পাঁচ বছরের মধ্যে স্বাস্থ্যসেবা খাতের কর্মীদল 20 শতাংশ বৃদ্ধি করার লক্ষ্যে গৃহীত কয়েকটি উদ্যোগের মধ্যে অন্যতম

গভর্নর ক্যাথি হোকল আজ স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি কর্মীদের বোনাস কর্মসূচি চালুর ঘোষণা দিয়েছেন। 2023 অর্থবছরে প্রণীত নিউ ইয়র্ক স্টেট বাজেটের এই কর্মসূচিতে স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি খাতে নির্দিষ্ট কিছু কর্মী নিয়োগ ও ধরে রাখার জন্য বোনাস পেমেন্ট প্রদানের জন্য 1.3 বিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে, যা পরবর্তী পাঁচ বছরের মধ্যে স্টেটের স্বাস্থ্যসেবা খাতের কর্মীদল 20 শতাংশ বৃদ্ধির লক্ষ্য পূরণের জন্য একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ।

125,000 ডলারের কম বার্ষিক আয় রয়েছে এবং কমপক্ষে ছয় মাস যাবত নিজের পদে রয়েছেন এমন যোগ্য কর্মীদের বোনাস প্রদান করা হবে। নির্ধারিত ভেস্টিং সময়কালের মধ্যে সম্পন্ন করা কর্মঘণ্টা এবং সেবাদানের সময়কাল বিবেচনায় নিয়ে প্রত্যেক কর্মচারীকে সর্বোচ্চ 3,000 ডলার পর্যন্ত বোনাস প্রদান করা হবে।

"মহামারীর শুরুর দিকে বহু মানুষ যখন নিজেদের বাড়িতে নিষ্ক্রিয় হয়ে বসে ছিলেন সে সময় সহ মহামারী চলাকালীন পুরো সময়জুড়ে আমাদের স্বাস্থ্যসেবা কর্মীরা এবং প্রথম সাড়াদানকারীরা নিউ ইয়র্কবাসীদের সুস্থ রাখতে এবং জীবন রক্ষা করতে দায়িত্ব পালন করে গেছেন," **বলেছেন গভর্নর হোকল।** "স্বাস্থ্যসেবা কর্মীরা আমাদের মেডিকেল সিস্টেমের ভিত্তিস্বরূপ, এবং এই চ্যালেঞ্জিং সময়গুলোর মধ্য দিয়ে আমাদেরকে এগিয়ে নিয়ে আসার জন্য তারা যে ত্যাগ স্বীকার করেছেন আমাদেরকে তা অনুধাবন করতে হবে। আমাদের বোনাস কর্মসূচি শুধু ধন্যবাদ জ্ঞাপনের জন্যই নয়, বরং এটি স্বাস্থ্যসেবা খাতে একটি বিনিয়োগ এবং এর

মধ্য দিয়ে আমরা আমাদের স্বাস্থ্যসেবা খাতের কর্মীদল সংরক্ষণ, পুনর্গঠন, ও বৃদ্ধি করবো এবং নিউ ইয়র্কবাসীদের জন্য আমরা যাতে সর্বোচ্চ মানের সেবা পৌঁছে দিতে পারি সে বিষয়টি নিশ্চিত করবো।"

নতুন HWB প্রবিধানটি সুনির্দিষ্ট উপযুক্ততার শর্তপূরণকারী স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি কর্মীদের নিয়োগ, ধরে রাখা, ও পুরস্কৃত করার উদ্দেশ্যে একটি প্রণোদনা পদ্ধতি চালু করার জন্য নিউ ইয়র্কের 2022-2023 বর্ষে প্রণীত শিক্ষা, শ্রম, পারিবারিক সহায়তা, স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিলের ZZ অংশের অধীনে অনুমোদিত হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের ভারপ্রাপ্ত মেডিকেইড ডিরেক্টর আমির বাসিরি বলেন, "সবচেয়ে অরক্ষিত অবস্থায় থাকা কিছু নিউ ইয়র্কবাসীর জন্য সামনের সারিতে, প্রত্যক্ষ সেবা প্রদানকারী কঠোর পরিশ্রমী ব্যক্তিদের জন্য অতিরিক্ত বিনিময় প্রদানের ব্যবস্থা করতে পেরে নিউ ইয়র্ক স্টেট মেডিকেইড কর্মসূচি আনন্দিত। স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি কর্মীদের বোনাস কর্মসূচি (Health Care and Mental Hygiene Worker Bonus Program) উচ্চ মানের সেবার জন্য প্রণোদনা প্রদান করে এবং স্বাস্থ্য সমতা ও স্বাস্থ্য অর্থনীতির ভারসাম্য নিশ্চিত করে এমন খরচ হওয়া অর্থ পরিশোধের কৌশল নিশ্চিত করার জন্য স্টেটের লক্ষ্যকে এগিয়ে নিচ্ছে।"

স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "ডাক্তার, নার্স এবং অন্যান্য স্বাস্থ্যসেবা কর্মীরা আমাদের স্বাস্থ্যসেবা অবকাঠামোর মেরুদণ্ড, এবং রোগীদের উচ্চ মানসম্মত সেবা পাওয়া নিশ্চিত করতে তারা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার কল্যাণে, নিউ ইয়র্কবাসীদের সবচেয়ে প্রয়োজনের সময়ে সেবা প্রদান করতে যারা নিজেদের সীমাবদ্ধতা ছাড়িয়ে সামনে এগিয়ে গেছেন সেসব নিবেদিত স্বাস্থ্যসেবা পেশাজীবীদের পুরস্কৃত করতে এবং ধরে রাখতে এসব বোনাস আমাদেরকে সাহায্য করবে।"

HWB কর্মসূচির তহবিলের জন্য উপযুক্ত নিয়োগকারীদের মধ্যে কমপক্ষে একজন কর্মচারী নিয়ে মেডিকেইডে অংশগ্রহণকারী সেবা প্রদানকারী, এবং অন্যান্য সেবা প্রদানকারী, ফ্যাসিলিটি, ফার্মেসি এবং স্টেটের জনস্বাস্থ্য আইন (Public Health Law), মানসিক স্বাস্থ্যবিধি আইন (Mental Hygiene Law), ও শিক্ষা আইনের (Education Law) অধীনে লাইসেন্সপ্রাপ্ত স্কুল-ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রসমূহ, এবং এর পাশাপাশি অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health), অফিস ফর দ্য এজিং (Office for the Aging), অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports), বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিস (Office for People With Developmental Disabilities), এবং শিশু ও পরিবার বিষয়ক পরিষেবার দপ্তর (Office of Children and Family Services) কর্তৃক অর্থায়নকৃত নির্দিষ্ট কিছু কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে।

সরাসরি স্বাস্থ্যসেবা পরিষেবা প্রদানকারী কর্মচারীরা HWB পেমেন্ট পাওয়ার যোগ্য হবেন এবং এদের মধ্যে সামনের সারিতে কর্মরত নির্দিষ্ট কিছু স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি প্র্যাক্টিশনার, টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট, সাপোর্ট কর্মী ও এইড অন্তর্ভুক্ত রয়েছেন। তাদের বার্ষিক মূল বেতন (যেকোনো বোনাস বা ওভারটাইমের পেমেন্ট বাদ দিয়ে) অবশ্যই 125,000 ডলার বা তারচেয়ে

কম হতে হবে, এবং তারা পূর্ণকালীন, খণ্ডকালীন, বা অস্থায়ী কর্মী হতে পারেন। স্টেটের কর্মচারীদের মধ্যে যারা এই কর্মসূচির জন্য উপযুক্ততার শর্তগুলো পূরণ করবেন তারা বোনাস পেমেন্ট পাওয়ার যোগ্য বিবেচিত হবেন, ঠিক যেমনভাবে স্টেট সরকারের বাইরে কর্মরত কর্মচারীরা যোগ্য বিবেচিত হবেন। এধরনের কর্মচারীদেরকে বিদ্যমান স্টেট পেরোল সিস্টেমগুলোর মাধ্যমে অর্থ প্রদান করা হবে।

কর্মচারীদের বোনাসের পরিমাণ সুনির্দিষ্ট "ভেস্টিং সময়কাল", অথবা 1 অক্টোবর, 2021 তারিখ থেকে 31 মার্চ, 2024 তারিখ পর্যন্ত সময়ের মধ্যে একটানা ছয় মাস সময়ের কর্মঘণ্টা অনুযায়ী নির্ধারণ করা হবে।

যোগ্য কর্মচারীদের মধ্যে যারা:

- সপ্তাহে কমপক্ষে 20 ঘণ্টা কিন্তু অনুর্ধ্ব 30 ঘণ্টা কাজ করেছেন তারা 500 ডলার বোনাস পাওয়ার উপযুক্ত হবেন।
- সপ্তাহে কমপক্ষে 30 ঘণ্টা কিন্তু অনুর্ধ্ব 35 ঘণ্টা কাজ করেছেন তারা 1,000 ডলার বোনাস পাওয়ার উপযুক্ত হবেন।
- সপ্তাহে কমপক্ষে 35 ঘণ্টা কাজ করেছেন তারা 1,500 ডলার বোনাস পাওয়ার উপযুক্ত হবেন।

একজন যোগ্য কর্মচারী দুইটি ভেস্টিং সময়কালে সর্বোচ্চ 3,000 ডলার পর্যন্ত মোট বোনাস পেতে পারেন। যদি কর্মচারীরা কখনো মেডিকেইড কর্মসূচি থেকে বরখাস্ত হয়ে থাকেন বা বাদ পড়ে থাকেন তাহলে তারা বোনাস নাও পেতে পারেন, এবং তাদেরকে অবশ্যই নিজেদের নিয়োগকারীর মাধ্যমে HWB কর্মসূচিতে তালিকাভুক্ত হতে হবে, যারা কোনো কর্মীর বোনাসের জন্য উপযুক্ত হওয়ার 30 দিনের মধ্যে HWB তহবিল প্রদান করতে বাধ্য থাকবেন।

যোগ্য নিয়োগকারীরা অনলাইন HWB পোর্টালে একটি অ্যাকাউন্ট তৈরি করার মাধ্যমে HWB পেমেন্ট পাওয়ার জন্য উপযুক্ত কর্মচারীদের তালিকা জমা দিতে পারবেন, যে পোর্টাল 3 আগস্ট, 2022 তারিখ www.nysworkerbonus.com ঠিকানায় চালু হবে। শিক্ষা খাতের নিয়োগকারীদের জন্য স্বাস্থ্যসেবা কর্মীদের বোনাস সংক্রান্ত পোর্টাল অক্টোবর মাসে উন্মুক্ত হবে।

সেইসাথে, নিয়োগকারীদের অবশ্যই eMedNY-তে বর্তমানে তালিকাভুক্ত থাকতে হবে এবং একটি সক্রিয় MMIS ID বজায় রাখতে হবে অথবা MMIS ID নেই এমন নিয়োগকারীদের, অর্থাৎ NYS মেডিকেইড সিস্টেমে তালিকাভুক্ত নয় এমন নিয়োগকারীদের একটি স্টেটব্যাপী আর্থিক ব্যবস্থা (Statewide Financial System, SFS) ID থাকার বিষয়টি যাচাই করে নিতে হবে। eMedNY নেই এমন যোগ্য নিয়োগকারীরা www.emedny.org ঠিকানায় তালিকাভুক্ত হতে পারবেন।

স্টেট সিনেটর গুস্তাভো রিভেরা বলেন, "স্বাস্থ্যসেবা খাতের এই বোনাস কর্মসূচি এই মহামারী চলাকালীন সময়ে আমাদের নিবেদিত স্বাস্থ্যসেবা কর্মীদলের প্রদর্শন করা ব্যাপক প্রচেষ্টার জন্য আমাদের কৃতজ্ঞতা প্রকাশের প্রতিনিধিত্ব করে। এছাড়াও এই কর্মসূচি শুধু স্বাস্থ্যসেবা পেশাজীবীদের ধরে রাখার জন্যই নয় বরং এসব পেশাকে আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর কাছে আকর্ষণীয় করে তুলতে ধরতে আমাদের স্বাস্থ্যসেবা পেশাজীবীদের উপর

সক্রিয়ভাবে বিনিয়োগ করার ব্যাপারে আমাদের স্টেটের তরফ থেকে একটি অঙ্গীকার। এই অতি গুরুত্বপূর্ণ খাতটির সমৃদ্ধি অব্যাহত রাখতে এবং মানসম্মত সেবা প্রদানের সক্ষমতা ধরে রাখতে আমাদেরকে স্বাস্থ্যসেবা পেশাজীবীদের উপর বিনিয়োগ অব্যাহত রাখতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রিড বলেন, "আমাদের সবচেয়ে প্রয়োজনের সময়ে যারা আমাদের পাশে ছিলেন সেই কর্মীদলকে ধরে রাখা এবং পুনরায় গড়ে তোলার জন্য স্বাস্থ্যসেবা কর্মীদের উপর বিনিয়োগ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি কর্মীদের বোনাস কর্মসূচি সামনের সারির কর্মীদের প্রাপ্য ধন্যবাদটুকু পৌঁছে দিবে এবং একই সাথে আমাদের স্বাস্থ্যসেবা অবকাঠামো যাতে বর্তমান ও ভবিষ্যত চ্যালেঞ্জসমূহ মোকাবেলার জন্য আরো শক্তিশালী হয়ে উঠে সে বিষয়টি নিশ্চিত করবে।"

গ্রেটার নিউ ইয়র্ক হসপিটাল অ্যাসোসিয়েশন (Greater New York Hospital Association)-এর প্রেসিডেন্ট কেনেথ ই. রাসকে বলেন, "এই বোনাসগুলো কোভিড-19 মহামারী চলাকালীন সময়ে আমাদের সামনের সারির স্বাস্থ্যসেবা কর্মীরা যে কষ্ট সহ্য করেছেন তার একটি বিশেষ স্বীকৃতি এবং গভর্নর হোকলের নেতৃত্বের একটি প্রমাণস্বরূপ। স্বাস্থ্যসেবা কমিউনিটি আমাদের কর্মীদেরকে তাদের নিত্যদিনের সব কার্যক্রমের জন্য ধন্যবাদ জানাচ্ছে এবং নিউ ইয়র্কের বিশ্ব-মানের স্বাস্থ্যসেবা ব্যবস্থা যাতে আগামী বছরগুলোতে শক্তিশালী ও স্থিতিশীল অবস্থায় থাকে সে বিষয়টি নিশ্চিত করতে তার গভীর অঙ্গীকারাবদ্ধতার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছে।"

1199SEIU ইউনাইটেড হেলথ কেয়ার ওয়ার্কার্স ইস্ট (1199SEIU United Health Care Workers East)-এর প্রেসিডেন্ট জর্জ গ্রেশাম বলেন, "গত আড়াই বছরে নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা কর্মীরা অসাধারণ বীরোচিত ভূমিকা পালন করেছেন। কোনো ব্যক্তির একজন কেয়ারগিভার হয়ে উঠার জন্য, এবং কয়েক প্রজন্মের সবচেয়ে বৃহত্তম জনস্বাস্থ্য সংকটের সময়ে আমাদের কমিউনিটিকে সেবা দেওয়ার জন্য একটি বিশেষ গুণ থাকার প্রয়োজন হয়—যা প্রায় ক্ষেত্রেই বৃহৎ ব্যক্তিগত ঝুঁকির মধ্যেই সম্পন্ন করতে হয়—এবং তারা আমাদের শ্রদ্ধা পাওয়ার অধিকারী। নার্স থেকে শুরু করে হাউজকিপার, টেকনিশিয়ান থেকে শুরু করে রান্নাঘরের কর্মী, স্বাস্থ্যসেবা খাতের সব ধরনের হিরোরা জীবন রক্ষায় ভূমিকা পালন করেন। নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা কর্মীদেরকে অর্থপূর্ণ বোনাস প্রদান করছে এবং তাদের অতি গুরুত্বপূর্ণ কাজের স্বীকৃতি দিচ্ছে এমন একটি বাজেট প্রণয়নের জন্য আমরা গভর্নর হোকল, স্পিকার হিয়েস্টি, ও সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টুয়ার্ট-কাজিন্সকে সাধুবাদ ও অভিনন্দন জানাই।"

হেলথ কেয়ার অ্যাসোসিয়েশন অব নিউ ইয়র্ক স্টেট (Health Care Association of New York State)-এর প্রেসিডেন্ট বিইয়া গ্রাউজ, RN, JD, বলেন, "এই চলমান বিধ্বংসী মহামারীর সময়ে সামনের সারির স্বাস্থ্যসেবা কর্মীদের কাছে আমরা প্রবলভাবে কৃতজ্ঞ। এই প্রাপ্য বোনাস প্রদানের মাধ্যমে স্টেট তাদের অসাধারণ প্রচেষ্টার স্বীকৃতি প্রদান করছে দেখে আমরা আনন্দিত। নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা খাতের কর্মীদলকে অধিকতর সহায়তা প্রদান করতে এবং আমাদের ভবিষ্যত স্বাস্থ্যসেবা পেশাজীবীদের পাইপলাইনকে শক্তিশালী করতে আমরা গভর্নর ও আইনসভার সঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

নিউ ইয়র্ক প্রেসবাইটেরিয়ান (NewYork-Presbyterian)-এর প্রেসিডেন্ট ও CEO ড. স্টিভেন জে. করউইন বলেন, "কোভিড-19 মহামারী শুরু হওয়ার পর থেকে, স্বাস্থ্যসেবা কর্মীরা রোগীদের এবং তাদের পরিবারগুলোর দেখাশোনা করার জন্য অসাধ্যকে সাধন করেছেন। তারা হলেন হিরো, এবং সব নিউ ইয়র্কবাসীর প্রতি তাদের অবিচল অঙ্গীকারাবদ্ধতা এই মহামারী চলাকালীন সময়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। আমাদের সামনের সারির কর্মীদের উপর বিনিয়োগ করার মাধ্যমে আমরা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের জন্য বিনিয়োগ করছি।"

এরি কাউন্টি মেডিকেল সেন্টার কর্পোরেশন (Erie County Medical Center Corporation)-এর প্রেসিডেন্ট ও CEO থমাস জে. কুয়াট্রোচ জুনিয়র, PhD, বলেন, "মহামারী শুরু হওয়ার পর থেকে, স্টেটজুড়ে সামনের সারির স্বাস্থ্যসেবা কর্মীরা আমাদের বন্ধু-বান্ধব, প্রতিবেশী, ও আত্মীয়-স্বজনদের সম্ভাব্য সেরা সেবা পাওয়া নিশ্চিত করতে নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করেছেন। এবং তারা এটি বার বার করেছেন, প্রায় ক্ষেত্রেই তাদের সহকর্মীদের সহায়তা করতে গিয়ে এবং অনেক বেশি অসুস্থ রোগীদের সাহায্য করতে গিয়ে তাদেরকে এটি করতে হয়েছে। সামনের সারির এসব কেয়ারগিভাররা যাতে তাদের নিঃস্বার্থ ত্যাগ ও সেবার জন্য প্রাপ্য মূল্য পান সে বিষয়টি নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

ক্যাসেনা কেয়ার (Cassena Care)-এর ম্যানেজিং মেম্বার প্যাট ডেবেনেডিক্টাস বলেন, "এটি নিজেদের স্বাস্থ্যসেবা কর্মীদের প্রতি এবং মহামারী চলাকালীন সময়ে তাদের বিরোচিত কাজের প্রতি নিউ ইয়র্ক স্টেটের কৃতজ্ঞতাকে প্রকাশ করছে।"

হিলসাইড ম্যানর, কুইন্স, এর মালিক ডউগ উইজম্যান বলেন, "এই বোনাস কর্মসূচি আমাদেরকে এমন কর্মীদের পুরস্কৃত করার ও ধরে রাখার সুযোগ দিচ্ছে যারা হয়তো যথাযথ মর্যাদা না পাওয়া অথবা নিঃশেষ হয়ে যাওয়ার কারণে এই শিল্প ছেড়ে চলে যেতেন।"

মিডোব্রুক কেয়ার সেন্টার (Meadowbrook Care Center), নাসাউ কাউন্টি, এর মালিক সাইমন পেলম্যান বলেন, "কোভিড পরবর্তী সময়ে দীর্ঘমেয়াদী সেবা শিল্প যে এক নম্বর সমস্যার সম্মুখীন হয়েছে তা হলো কর্মী খোঁজা এবং তাদেরকে ধরে রাখা। কর্মীদের সঙ্গে সর্বোচ্চ মজুরির চুক্তি সম্পন্ন করার ব্যাপারে গভর্নরের সহায়তা করার পরেও, আড়ালে থেকে যাওয়া সামনের সারির কর্মীদের আরো প্রাপ্য রয়ে গেছে। ধন্যবাদ, গভর্নর হোকল।"

HWB কর্মসূচি এবং অনলাইন পোর্টাল সম্পর্কে আরো তথ্য এখানে, অথবা 1-866-682-0077 নম্বরে HWB কল সেন্টারে ফোন করে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট মেডিকেইড কর্মসূচি একটি জনস্বাস্থ্য বিমা কর্মসূচি যেটি আনুমানিক ৪ মিলিয়ন সবচেয়ে অরক্ষিত নিউ ইয়র্কবাসীর জন্য সমন্বিত স্বাস্থ্য কভারেজ প্রদান করে, যাদের মধ্যে শিশু রয়েছে এমন নিম্ন-আয়ের পরিবার, প্রবীণ ব্যক্তি, ফস্টার কেয়ার, গর্ভবতী মহিলা, এবং অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিরা অন্তর্ভুক্ত রয়েছেন।

উপযুক্ত কর্মচারীদের জন্য দাবি জমা দেওয়া নিয়োগকারীদের দায়িত্ব, এবং সব নিয়োগকারী যাতে প্রক্রিয়াটি বুঝতে পারেন এবং এটি ব্যবহার করতে স্বাচ্ছন্দ্য বোধ করেন সে বিষয়টি নিশ্চিত করতে ডিপার্টমেন্ট সেবা প্রদানকারী অ্যাসোসিয়েশনগুলোর সঙ্গে কাজ করছে। আপডেটের জন্য সেবা প্রদানকারীরা প্রযোজ্য ListServs এ সাবস্ক্রাইব করতে eMedNY ListServ পেইজে ভিজিট করতে পারেন। এছাড়াও কর্মসূচির আপডেট এবং/অথবা নিয়োগকারীদের জন্য সবচেয়ে হালনাগাদ তথ্য দিয়ে HWB পোর্টাল www.NYSWorkerBonus.com আপডেট করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন